গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mhapsd.gov.bd

নং-৪৪.০০.০০০০.০১৯.০২.০০২.১৭-১২৩৮

তারিখ ঃ ১৪ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগে নিম্নবর্ণিত শূণ্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড : ১৩<br>(টা: ১১,০০০-২৬,৫৯০/-) | অনূর্ধ্ব ৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ০৬(ছয়) | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>(ঘ) সাঁটলিপি লিখনে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজি ৭০ শব্দ, বাংলায় ৪৫ শব্দ হতে হবে;<br>(ঙ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ, ইংরেজিতে ৩০ শব্দ। | (ক) গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, রাজবাড়ী,গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, শেরপুর, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, চাঁদপুর, ফেনী, সিলেট, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, ঠাকুরগাঁও, পঞ্চগড়, কুড়িগ্রাম, লালমনিরহাট, খুলনা, বাগেরহাট, মাগুড়া, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা জেলা ব্যতীত সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।<br><br>(খ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২। | অফিস সহায়ক<br>গ্রেড : ২০<br>(টা: ৮২৫০-২০,০১০/-) | ১৮-৩০ বৎসর | ১১ (এগারো) | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | (ক) ঢাকা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, শেরপুর, ময়মনসিংহ, নেত্রকোণা, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, চাঁদপুর, ফেনী, লক্ষ্মীপুর, হবিগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর,বগুড়া, জয়পুরহাট, ঠাকুরগাঁও, পঞ্চগড়, রংপুর, লালমনিরহাট, খুলনা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুড়া, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা জেলা ব্যতীত সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।<br><br>(খ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

নিম্নবর্ণিত শর্তগুলো আবেদন ফরম পূরণের ক্ষেত্রে এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণ করতে হবে:

০১। ০১ জানুয়ারি, ২০১৮ তারিখ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

০২। সরকারি, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;

০৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তিতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

০৫। আবেদন পত্রের সাথে কোন কাগজপত্র/সনদপত্র দাখিল করতে হবে না। তবে মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং সকল কাগজ পত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।

০৬। জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৭। সংশ্লিষ্ট প্রার্থীর কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র এবং সত্যায়িত এক সেট মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

০৮। এই নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে পরিবর্তন/পরিবর্ধন/বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৯। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ১ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

১০। Online-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক http://psd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

* Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০-১-২০১৮ ,সকাল ১০.০০ টায়
* Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১-০১-২০১৮ , বিকাল ০৫.০০ টায়

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KBও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submitকরার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা এবং ২নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **বিশেষভাবে উল্লেখ্য,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: PSD<space>User ID লিখে Sendকরতে হবে 16222নম্বরে।
***Example: PSD ABCDEF***

*Reply:* ***Applicant's Name, Tk-100/50 will be charged as application fee. Your PIN is 12345678.*** *To pay feeType* ***PSD<Space>Yes<Space>PIN and send to 16222.***

দ্বিতীয় SMS: PSD<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
***Example: PSD YES 12345678***

*Reply:* ***Congratulations Applicant's Name, payment completed successfully for PSD Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).***

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://psd.teletalk.com.bd অথবা জননিরাপত্তা বিভাগের ওয়েবসাইটে www.mhapsd.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে PSD<space>Help<space>User<space>User ID & Send to 16222.
   Example: PSD HELP USER ABCDEF
ii. PIN Number জানা থাকলে: PSD<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
   Example: PSD HELP PIN 12345678

ঝ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে কল করুন অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার এ যোগাযোগ করুন।

২৮/১২/১৭

(মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদার)
উপসচিব
ও
সদস্য-সচিব
৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদ পূরণের বিভাগীয় নিয়োগ কমিটি
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।